2023

# BENGALI (Honours)

## Paper Code : BNGH DSE - 4A/4B/4C

Full Marks : 32 Time : Two Hours

*The figures in the margin indicate full marks.*
*Candidates are required to give their answers in their own words as far as practicable.*

যে কোনো একটি গুচ্ছের সব প্রশ্নের উত্তর দাও।

### গুচ্ছ - ক

### (বাংলাদেশের উপন্যাস ও ছোটগল্প)

১। 'চিলেকোঠার সেপাই' উপন্যাসে মধ্যবিত্তের শ্রেণিসংকট কতটা পরিস্ফুট হয়েছে — সংক্ষেপে লেখো। ৮

অথবা

'চিলেকোঠার সেপাই' উপন্যাসে আনোয়ার চরিত্রের গুরুত্ব কতটুকু — আলোচনা করো। ৮

২। আখতারুজ্জামান ইলিয়াসের উপন্যাসে ম্যাজিক রিয়ালিজমের ব্যবহার উপন্যাসকে কতখানি শিল্পসার্থক করেছে, তা 'চিলেকোঠার সেপাই' অবলম্বনে আলোচনা করো। ৮

অথবা

'চিলেকোঠার সেপাই' উপন্যাসের হাড্ডি খিজিরের পরিণতি কতটা বাস্তবসম্মত হয়েছে — তা আলোচনা করো। ৮

৩। "রাস্তাঘাটে ঘুরে-বেড়ানো ছেলেদের জন্মের ঠিক থাকলেও লোকে মনে করে ওদের জন্মের ঠিক নাই।" — সেলিনা হোসেনের এই ইঙ্গিতপূর্ণ বাক্যকে কেন্দ্র করে তাঁর 'অরণ্য কুসুম' গল্পটি বিশ্লেষণ করো। ৮

অথবা

'অচিন বৃক্ষ' গল্পের নামকরণের সার্থকতা বিচার করো। ৮

৪। চরবিলাপীর সুখ-দুঃখ, তার সব হারানোর বেদনায় 'জাব্বাইরা' একটি নাম মাত্র। — চরবিলাপীর বেদনার্ত ইতিহাস 'ছায়াসূর্য' গল্প অবলম্বনে লেখো। ৮

অথবা

"আমি চাই — একটা বিচার হবে। একটা বিচার চাই। আর কিছু না।" উক্তিটির বক্তা কে? কোন্ পরিপ্রেক্ষিতে বক্তা এই উক্তি করেন? এই উক্তির আলোকে বক্তা চরিত্রটি সম্পর্কে তোমার ধারণা ব্যক্ত করো। ১+২+৫=৮

---

গুচ্ছ - খ

(রবীন্দ্রনাথ ঠাকুরের প্রবন্ধ)

১। 'পূর্ব-পশ্চিমের চিত্ত যদি বিচ্ছিন্ন হয় তাহলে উভয়েই ব্যর্থ হবে।' রবীন্দ্রনাথ ঠাকুর যে ভাবনা থেকে এই বোধে পৌঁছেছেন, তা 'শিক্ষার মিলন' প্রবন্ধের অনুসরণে ব্যক্ত করো। ৮

অথবা

"শিক্ষা প্রণালী কলের প্রণালী, ইহাতে মন খাটে না, ছেলেরা তোতাপাখি বনিয়া যায়।" — রবীন্দ্রনাথ ঠাকুর 'শিক্ষা-সংস্কার' প্রবন্ধে এই প্রসঙ্গে আমাদের শিক্ষা-প্রণালীর যে ত্রুটি-বিচ্যুতির কথা বলেছেন, তা সংক্ষেপে লেখো। ৮

২। রবীন্দ্রনাথ ঠাকুরের শিক্ষাচিন্তার যে বিভিন্ন দিক তাঁর 'শিক্ষা' বিষয়ক প্রবন্ধগুলিতে ফুটে উঠেছে, তা সূত্রাকারে সাজাও। ৮

অথবা

শিক্ষার নাগপাশ থেকে শিক্ষাকে মুক্ত অবস্থায় আনার জন্য রবীন্দ্রনাথ ঠাকুর জাতীয় বিদ্যালয় প্রতিষ্ঠার উপযোগিতা সম্পর্কে যে বক্তব্য রেখেছেন, তা 'জাতীয় বিদ্যালয়' প্রবন্ধ অনুসরণে ব্যক্ত করো। ৮

৩। 'সৌন্দর্য যেমন আমাদিগকে ক্রমে ক্রমে শোভনতার দিকে, সংযমের দিকে, আকর্ষণ করিয়া আনিতেছে, সংযমও তেমনি আমাদের সৌন্দর্য-ভোগের গভীরতা বাড়াইয়া দিতেছে।' রবীন্দ্রনাথের এই বক্তব্যের প্রেক্ষিতে 'সৌন্দর্যবোধ' প্রবন্ধটি সংক্ষেপে আলোচনা করো। ৮

অথবা

'সাহিত্য ব্যক্তি বিশেষের নহে, তাহা রচয়িতার নহে, তাহা দৈববাণী' — সাহিত্যের বিষয় কীভাবে ব্যক্তি বিশেষের থেকে চিরন্তন হয়ে ওঠে তা 'সাহিত্যের তাৎপর্য' প্রবন্ধ অনুসরণে ব্যক্ত করো। ৮

৪। রবীন্দ্রনাথ ঠাকুর কৌতুক হাস্যের কারণ নির্ণয়ে যেভাবে দার্শনিক দৃষ্টিভঙ্গি ও সাহিত্য রসিকের সূক্ষ্ম বোধকে তুলে ধরেছেন, 'কৌতুক হাস্যের মাত্রা' প্রবন্ধ অনুসরণে লেখো। ৮

অথবা

সাহিত্যে বাস্তবতা প্রসঙ্গে রবীন্দ্রনাথ ঠাকুর যে অভিমত পোষণ করেন, তা 'বাস্তব' প্রবন্ধ অবলম্বনে আলোচনা করো। ৮

---

গুচ্ছ - গ

(কাব্যনাট্য)

১। কাব্যনাট্য 'চিত্রাঙ্গদা'র অর্জুন-চিত্রাঙ্গদার কাহিনি রূপায়ণে রূপান্তরণে কবি যে বিশেষ কৃতিত্ব দেখিয়েছেন, তার বিশদ পরিচয় দাও। ৮

অথবা

'চিত্রাঙ্গদা' কাব্যনাট্যে মদন ও বসন্ত চরিত্রদুটির গুরুত্ব বিচার করো। ৮

২। 'চিত্রাঙ্গদা' নাটকটি'র বৈশিষ্ট্য নিরূপণ করে নাটকটির বিশেষত্ব সংক্ষেপে আলোচনা করো। ৮

অথবা

'চিত্রাঙ্গদা' কাব্যনাট্যের ষষ্ঠ-দৃশ্যে বর্ষার পটভূমিকার সার্থকতা বিচার করো। ৮

৩। বুদ্ধদেব বসুর 'তপস্বী ও তরঙ্গিনী' কোন্ শ্রেণির নাটক? যুক্তিসহ আলোচনা করো। ৮

অথবা

'তপস্বী ও তরঙ্গিনী' নাটকের বিভাণ্ডক চরিত্রটি বিশ্লেষণ করে চরিত্রটির নাট্যোপযোগিতা বিচার করো। ৮

৪। বুদ্ধদেব বসুর 'তপস্বী ও তরঙ্গিনী' নাটকের ঋষ্যশৃঙ্গ চরিত্রটি পৌরাণিক হলেও নাট্যকার তার মধ্যে আধুনিক কালের জীবন চেতনা সঞ্চার করেছেন। — চরিত্রটি বিশ্লেষণ প্রসঙ্গে বক্তব্যটির সমীচীনতা নির্ণয় করো। ৮

অথবা

পৌরাণিক প্রেক্ষিত, সূক্ষ্ম ভাবনা ও চরিত্র প্রকাশের পক্ষে 'তপস্বী ও তরঙ্গিনী'র ভাষা কতখানি উপযোগী হয়েছে, তা সংক্ষেপে লেখো। ৮

---